রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, মার্চ ২৯, ২০১৬**

**[একই তারিখ ও নম্বরে প্রতিস্থাপিত হবে]**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**প্রধানমন্ত্রীর কার্যালয়**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ০৯ ফেব্রুয়ারি ২০১৬

**নং ০৩.৮০৫.০০০০.০৫০.০০.০০০.২০১৬-২৫৯**—বাংলাদেশে ডিজিটাল আর্থিক সেবাভুক্তির (Digital Financial Inclusion) কার্যক্রম সমন্বয় করা এবং একটি কার্যকর আর্থিক সেবাভুক্তির মডেল তৈরির লক্ষ্যে নিম্নরূপভাবে একটি টাস্কফোর্স গঠন করা হলো :

**(ক) টাস্কফোর্স :**

| | | | |
|---|---|---|---|
| (১) | মহাপরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয় | - | সভাপতি |
| (২) | প্রতিনিধি, মন্ত্রিপরিষদ বিভাগ | - | সদস্য |
| (৩) | প্রতিনিধি, অর্থ বিভাগ | - | সদস্য |
| (৪) | প্রতিনিধি, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | - | সদস্য |
| (৫) | প্রতিনিধি, বাংলাদেশ ব্যাংক | - | সদস্য |
| (৬) | প্রতিনিধি, স্থানীয় সরকার বিভাগ | - | সদস্য |
| (৭) | প্রতিনিধি, সমাজসেবা অধিদপ্তর | - | সদস্য |
| (৮) | প্রতিনিধি, বাংলাদেশ ডাক বিভাগ | - | সদস্য |
| (৯) | প্রতিনিধি, ইনস্যুরেন্স ডেভেলপমেন্ট ও রেগুলেটরি অথরিটি | - | সদস্য |
| (১০) | প্রতিনিধি, মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি | - | সদস্য |
| (১১) | প্রতিনিধি, এসএমই ফাউন্ডেশন | - | সদস্য |



**মূল্য :** টাকা ৪.০০

| | | | |
|---|---|---|---|
| (১২) | প্রতিনিধি, সোনালী ব্যাংক লিমিটেড | - | সদস্য |
| (১৩) | প্রতিনিধি, বাংলাদেশ কৃষি ব্যাংক | - | সদস্য |
| (১৪) | প্রতিনিধি, একটি বাড়ী একটি খামার প্রকল্প | - | সদস্য |
| (১৫) | প্রতিনিধি, একসেস টু ইনফরমেশন প্রোগ্রাম | - | সদস্য-সচিব |

টাস্কফোর্স প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

(খ) **টাস্কফোর্সের কার্যপরিধি :**

(১) বাংলাদেশে ডিজিটাল আর্থিক সেবাভুক্তির (Digital Financial Inclusion) জাতীয় কৌশলপত্র প্রণয়নের কার্যক্রম ত্বরান্বিত করা এবং ডিজিটাল আর্থিক সেবাভুক্তির কৌশলপত্র প্রণয়ন সংশ্লিষ্ট বিশেষজ্ঞ দল ও উপদেষ্টা টাস্ক ফোর্সকে প্রয়োজনীয় সহযোগিতা করা ;

(২) জাতীয় কৌশলপত্রের আলোকে বাংলাদেশে একটি কার্যকর আর্থিক সেবাভুক্তির মডেল তৈরীর জন্য একটি মহাপরিকল্পনা তৈরী ও তা বাস্তবায়নের সময়সূচী নির্ধারণ করা ;

(৩) সারাদেশে স্থাপিত ডিজিটাল সেন্টারের মাধ্যমে আর্থিক সেবাভুক্তির কার্যক্রম বাস্তবায়ন নিশ্চিত করা ;

(৪) এ সংক্রান্ত বিভিন্ন পক্ষের মধ্যে সমন্বয় করা ও প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করা।

২। টাস্ক ফোর্স প্রয়োজনবোধে এতদ্‌সংক্রান্ত যে কোন কাজকে এর কার্য-পরিধিতে অন্তর্ভুক্ত করতে পারবে।

৩। টাস্ক ফোর্স বছরে অন্ততঃ ৪(চার) বার সভায় মিলিত হবে।

৪। এটি অবিলম্বে কার্যকর হবে।

**ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর**
পরিচালক (প্রশাসন)।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd